

প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস

■ **সমকাল ডেস্ক**
প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষায় দেশের কয়েকটি স্থানে প্রশ্নপত্র ফাঁসের খবর পাওয়া গেছে। এর সঙ্গে জড়িত অভিযোগে ২৮ জনকে গ্রেফতার করা হয়েছে। ৮ জনকে করা হয়েছে বহিষ্কার, ব্যুরো, অফিস, প্রতিনিধি ও সংবাদদাতাদের পাঠানো খবর।

কটিলদী (কিশোরগঞ্জ) : কটিলদীতে বৃহস্পতিবার গভীর রাতে প্রাথমিক শিক্ষক পদে নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ফটোকপি করার সময় পুলিশ পাঁচ ব্যক্তিকে গ্রেফতার করেছে। তারা হলো- মাসুদ, মামুন, মিঠুন, বিদ্যুৎ এবং দোকান মালিক শামীম শিকদার। তাদের কাছ থেকে জব্দ করা প্রশ্নপত্রের সঙ্গে ওক্রবার অনুষ্ঠিত পরীক্ষার প্রশ্নপত্রের আংশিক মিল পাওয়া গেছে।

চুয়াডাঙ্গা : শিক্ষক নিয়োগ পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে ভ্রাম্যমাণ আদালত মহিলাসহ দু'জনকে কারাদণ্ড এবং একজনকে জরিমানা করেছেন। আলমডাঙ্গা শেখপাড়ার আবু বকরের ছেলে জহুরুল ইসলামকে এসএমএসের মাধ্যমে অসদুপায় অবলম্বন করার এক মাসের কারাদণ্ড দেওয়া হয়েছে। এদিকে দামুড়হুদা জগন্নাথপুর গ্রামের আবদুল জলিলের মেয়ে তিনা খাতুন সীমান্তকে পরীক্ষার হলে যোবাইদ ফোন নেওয়ার পাঁচ দিনের বিনাপ্রবেশ কারাদণ্ড, একই সঙ্গে তাকে সহযোগিতা করার অপরাধে একই গ্রামের ইয়াকুব আলীর ছেলে আকরাম হোসেনকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

ময়মনসিংহ : প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগের প্রশ্নপত্রসহ ১৮ জনকে গ্রেফতার করেছে পুলিশ। বৃহস্পতিবার ভোর রাতে থেকে গতকাল ওক্রবার দুপুর পর্যন্ত শহরের বিভিন্ন ফটোকপি দোকান ও গ্রিশাল বাসষ্ট্যান্ড, নওমহল, নতুন বাজার, টাউন হল মোড় ও শয়খুল্লা

অভিমান চাপিয়ে হাতেনাতে এদের আটক করা হয়। সন্ধ্যায় কোতোয়ালি মডেল কনায় তাদের বিরুদ্ধে মামলা হয়েছে।

শাতক্ষীরা : প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে শাতক্ষীরায় এক পরীক্ষার্থীকে দুই বছরের কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। সাজাপত্র পরীক্ষার্থীর নাম জিএম আজহার হোসেন। সে শাতক্ষীরার তালা উপজেলার জেটুয়া গ্রামের জিএম পরফতউল্লাহর ছেলে।

পটুয়াখালী : পটুয়াখালীতে যোবাইদে যেসেছের মাধ্যমে প্রশ্নের উত্তরপত্র সঠিক করে দেওয়ার অভিযোগে এক শিক্ষককে গ্রেফতার করা হয়েছে। গ্রেফতার হওয়া শিক্ষক আকতারুলজামান পটুয়াখালী সরকারি বাসিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রভাতী পাথার ইংরেজি শিক্ষক।

পটুয়াখালী : অসদুপায় অবলম্বন

করায় ৪ জনকে বহিষ্কার করা হয়েছে।

গোপালগঞ্জ পরীক্ষার্থীদের মারধর

গোপালগঞ্জ/কোটালীপাড়া : গোপালগঞ্জে শিক্ষক নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীসহ অন্তত ৫০ জনকে মারধর করেছে যেটির প্রতিকরা, ওক্রবার সদর উপজেলার দত্তডাঙ্গায় মারধরের এ ঘটনা ঘটে। পরীক্ষা শেষে কোটালীপাড়া ফেরার পথে প্রতিকরা পরীক্ষার্থীসহ যাত্রীদের মারধর করে বলে পরীক্ষার্থীরা জানিয়েছেন। গোপালগঞ্জ জেলা যেটির প্রমিক ইউনিয়নের সভাপতি শাইদুর রহমান বাসু মারধরের কথা অস্বীকার করে বলেছেন, ধর্মঘট সমর্থকরা এ ধরনের কোনো ঘটনা ঘটাননি।

জামালপুর : পরীক্ষা চলাকালে যোবাইদ ফোনে এসএমএসের মাধ্যমে উত্তর ফাঁসের ঘটনায় এক নারী পরীক্ষার্থীকে আটক করেছে পুলিশ। তার নাম আমমা খাতুন। সাইট হাউস ল্যান্ড স্কুল অ্যান্ড কলেজে তিনি পরীক্ষা দিচ্ছিলেন।

